

৩৭১  
(স্বামী রামকৃষ্ণানন্দকে লিখিত)

ওঁ নমো ভগবতে রামকৃষ্ণায়

শ্রীনগর, কাশ্মীর  
৩০ সেপ্টেম্বর, ১৮৯৭

কল্যাণবরেষু,

এক্ষণে<sup>১</sup> কাশ্মীর দেখিয়া ফিরিতেছি। দু-এক দিনের মধ্যে পাঞ্জাব যাত্রা করিব। এবার শরীর অনেক সুস্থ হওয়ায় পূর্বের (পূর্বের) ভাবে পুনরায় ভ্রমণ করিব, মনস্থ করিয়াছি। lecture (লেকচার)-ফেকচার বড় বেশি নয় -- যদি একটা-আদটা পাঞ্জাবে হয় ত হইবে, নহিলে নয়। এদেশের লোক তো এখনও এক পয়সা গাড়িভাড়া পর্যন্ত দিলে না -- তাহাতে মন্ডলী লইয়া চলা যে কি কষ্টকর বুঝিতেই পার। কেবল ঐ ইংরেজ শিষ্যদের নিকট হাত পাতাও লজ্জাকর কথা। অতএব পূর্বের (পূর্বের) ভাব 'কম্বলবস্ত' হইয়া চলিলাম। এ হালে Goodwin (গুডউইন) প্রভৃতি কাহারও প্রয়োজন নাই বুঝিতেই পারিতেছ।

Ceylone (সিলোন) হইতে একটি সাধু P. C. Jinvara Vamer (পি. সি. জিনবার বমার) নামক -- আমাকে এক চিঠি লিখিয়াছেন; তিনি ভারতবর্ষে আসিতে চান ইত্যাদি। বোধ হয় ইনিই সেই Siamese (শ্যামদেশীয়) সাধু। ইঁহার ঠিকানা Wallawatta, Ceylone. যদি সুবিধা হয় ইঁহাকে Madras-এ নিমন্ত্রণ কর। ইঁহার বেদান্তে বিশ্বাস আছে। মাদ্রাজ থেকে ইঁহাকে অন্যান্য স্থানে পাঠান তত কঠিন কার্য নহে। আর অমন একটা লোক সম্প্রদায়ে থাকাও ভাল। আমার ভালবাসা ও আশীর্বাদ সকলকে জানাইবে ও জানিবে। ইতি

বিবেকানন্দ

পুঃ -- খেতড়ির রাজা 10th Oct. (১০ অক্টোবর) বস্বে পৌঁছিবে -- Address (অভিনন্দন) দিতে ভুলিও না।

V.

<sup>১</sup> প্রতিলিপি দ্রষ্টব্য: বানান চিঠির মতো রাখা হইল।